রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৪, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**এজেন্সি টু ইনোভেট**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/২৪ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও, নং ৩৭৩—আইন/২০২৪।**—এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ (২০২৩ সনের ২০নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা এজেন্সি টু ইনোভেট (এটুআই) (তহবিল পরিচালনা ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ (২০২৩ সনের ২০নং আইন);

(খ) **"তহবিল"** অর্থ আইনের ধারা ১৬ তে উল্লিখিত এজেন্সির তহবিল।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।


**মূল্য :** টাকা ৪.০০

৩। **তহবিল পরিচালনা**।—(১) আইনের ধারা ১৬ এর উদ্দেশ্যপূরণকল্পে, এজেন্সি টু ইনোভেট (এটুআই) তহবিল নামে যে কোনো তফসিলি ব্যাংকে একটি হিসাব খোলা যাইবে এবং উক্ত হিসাবে সরকারি বিধি-বিধান মোতাবেক অর্থ জমা ও ব্যয় করিতে হইবে।

(২) তহবিলের পরিচালনা ও ব্যবস্থাপনা এজেন্সির ওপর ন্যস্ত থাকিবে এবং প্রধান নির্বাহী কর্মকর্তা উক্ত তহবিলের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য দায়ী থাকিবেন।

(৩) তহবিলের হিসাবের লেনদেন প্রদান নির্বাহী কর্মকর্তা ও এজেন্সির প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বা, ক্ষেত্রমত, হিসাবরক্ষণ কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

(৪) এজেন্সির ব্যয় নির্বাহের ক্ষেত্রে, সরকারের অর্থ ব্যয় সংক্রান্ত, সময় সময়, জারীকৃত এতদ্‌সংক্রান্ত বিধি-বিধান, যেই ক্ষেত্রে যাহা প্রযোজ্য, অনুসরণ করিতে হইবে।

(৫) এজেন্সি উহার তহবিল এবং নিজস্ব উৎস হইতে প্রাপ্ত আয় ও ব্যয় সংক্রান্ত তথ্যাদি ভিন্ন ভিন্ন রেজিস্টারে সংরক্ষণ করিবে।

(৬) এজেন্সি তহবিল হইতে উহার প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিবে এবং উদ্বৃত্ত অর্থ, যদি থাকে, আর্থিক বিধি-বিধান অনুসারে উহার একটি অংশ সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে।

৪। **ব্যয়ের খাত**।—এজেন্সির কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে, নিম্নবর্ণিত খাতে তহবিলের অর্থ ব্যয় করা যাইবে, যথা :—

(ক) কর্মচারীদের বেতন-ভাতাসহ এতদ্‌সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়;

(খ) এজেন্সির পরিচালন ও উন্নয়ন ব্যয়;

(গ) আইনের উদ্দেশ্য বাস্তবায়নকল্পে গৃহীত প্রকল্প ব্যয়;

(ঘ) জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকল ধরনের প্রচার-প্রচারণা সংক্রান্ত ব্যয়;

(ঙ) প্রশিক্ষণ, কর্মশালা, সভা, সেমিনার ও সিম্পোজিয়ামসহ এতদ্‌সংক্রান্ত সকল কার্যক্রমের ব্যয়;

(চ) চার্টার্ড অ্যাকাউনটেন্ট নিয়োগ সংক্রান্ত ব্যয়;

(ছ) বিশেষজ্ঞ পুলের বিশেষজ্ঞদের প্রদেয় সম্মানি বা অর্থ;

(জ) এজেন্সির বিরুদ্ধে দায়েরকৃত মামলা এবং এজেন্সি কর্তৃক দায়েরকৃত মামলা পরিচালনা সংক্রান্ত ব্যয়;

(ঝ) এজেন্সির কর্মচারীদের প্রশিক্ষণ ও অন্যান্য যৌক্তিক কাজে বিদেশ ভ্রমণ সংক্রান্ত ব্যয়;

(ঞ) পরিচালনা পর্ষদ অথবা নির্বাহী কমিটি অথবা সরকারের নিকট হইতে অনুমোদন গ্রহণ সাপেক্ষে সরকারের প্রচলিত ব্যয়ের নিয়মাবলি অনুসরণপূর্বক অন্য কোনো খাতে প্রয়োজনীয় ব্যয়; এবং

(ট) সরকারি বিধি-বিধান অনুযায়ী অনুমোদিত অন্যান্য খাতে ব্যয়।

৫। **তহবিল হইতে অর্থ মঞ্জুরি।**—(১) প্রধান নির্বাহী কর্মকর্তা, তহবিল হইতে বিধি ৪ এর দফা (ক) হইতে দফা (ঝ) তে উল্লিখিত কোনো খাতে এবং পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে দফা (ঞ) এবং (ট) এর অধীন কোনো খাতে অর্থ মঞ্জুরির আদেশ জারি করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন মঞ্জুরি আদেশের অর্থ অ্যাকাউন্ট পেয়ী চেক বা ব্যাংক হিসাবে স্থানান্তরের মাধ্যমে প্রদান করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, প্রযোজ্য ক্ষেত্রে, এজেন্সির কর্মচারীদের প্রদেয় অর্থ নগদে প্রদান করা যাইবে।

(৩) দৈনন্দিন জরুরি কার্যক্রম নিষ্পত্তিকল্পে এজেন্সি সরকার কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ উহার প্রশাসন বা হিসাব শাখায় নগদে গচ্ছিত রাখিতে পারিবে।

৬। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা।**—আইনের ধারা ১৮ অনুসরণপূর্বক এজেন্সির হিসাবরক্ষণ ও নিরীক্ষা করিতে হইবে।

৭। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা কার্যকর ইহবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা এবং ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শীষ হায়দার চৌধুরী, এনডিসি**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। Website: www.bgpress.gov.bd